

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫১৫৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২২. তৃতীয় অনুচ্ছেদ - ভালো কাজের আদেশ

আরবী

وَعَنْ أَبِي
سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يَسْأَلُ الْعَبْدَ يَوْمَ
الْقِيَامَةِ فَيَقُولُ: مَا لَكَ إِذَا رَأَيْتَ الْمُنْكَرَ فَلَمْ تُنْكِرْهُ؟ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ: فَيُلْقَى حُجَّتُهُ فَيَقُولُ: يَا رَبِّ خِفْتُ النَّاسَ وَرَجَوْتُكَ. «. رَوَى الْبَيْهَقِيُّ الْأَحَادِيثَ
الثَّلَاثَةَ فِي» شُعَبِ الْإِيمَانِ

বাংলা

৫১৫৩-[১৭] আবু সাঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ মহীয়ান-গরীয়ান কিয়ামতের দিন বান্দাকে জিজ্ঞেস করবেন এবং বলবেন, যখন শারী'আত বিরোধী কাজ সংঘটিত হতে দেখছিলেন, তখন তোমার কি হয়েছিল যে, তুমি এতে নিষেধ করতে পারোনি? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ঐ বান্দাকে আল্লাহ তা'আলার পক্ষ থেকে প্রমাণ শিখিয়ে দেয়া হবে। যখন আল্লাহ তা'আলা তাকে ক্ষমা করার মর্জি করবেন, তখন সে বলবে, হে আল্লাহ! আমি মানুষের জুলুম-অত্যাচারের ভয়ে ভীত ছিলাম এবং তোমারই ক্ষমার আশা পোষণ করেছিলাম। [ইমাম বায়হাকী (রহিমাহুল্লাহ) উল্লেখিত হাদীস তিনটি শু'আবুল ঈমানে বর্ণনা করেছেন।][1]

ফুটনোট

[1] সানাদ জাযিদ (إِسْنَادٌ جَيِّدٌ) : শু'আবুল ঈমান ৭৫৭৫, সহীহ ইবনু হিব্বান ৭৩৬৮, মুসনাদে আবু ইয়া'লা ১০৮৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯২৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فَيَقُولُ: يَا رَبِّ خِفْتُ النَّاسَ وَرَجَوْتُكَ) লোকটির এই উত্তরের মধ্যে আল্লাহর অনুগ্রহের উপর নির্ভরশীল

থাকা, অপারগতা প্রকাশ এবং অন্যায়ের স্বীকৃতি পাওয়া যায়। এ প্রসঙ্গে ইমাম বায়হাকী (রহিমাহুল্লাহ) বলেনঃ এমনও হতে পারে যে, দুষ্ট লোকেদের দাপটের কারণে ভয়ে সে প্রতিবাদ করতে পারেনি, ফলে সে অক্ষম ছিল। ইমাম ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ ধরনের ব্যক্তি শারী‘আত সমর্থিত অবস্থার সম্মুখীন, তাই তার কোন অপরাধ নেই। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75877>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন